

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রামগতি, লক্ষ্মীপুর।
www.ramgatilakshmipu.gov.bd

হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ০১/২০১৬ খ্রিঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রামগতি উপজেলার আওতাধীন নিম্ন তফসিলে বর্ণিত হাট-বাজার সমূহ ১৪২৩ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইচ্ছুক দরপত্র দাতাগণ জেলা প্রশাসক, লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রামগতি, সহকারী কমিশনার (ভূমি) অফিস, রামগতি এবং সোনালী ব্যাংক, চর আলেকজান্ডার শাখা হতে অফিস চলাকালীন সময়ে তফসিলে বর্ণিত ০৪ নং কলামে উল্লিখিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন।

তফসিলে বর্ণিত সময় সূচি অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয় লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রামগতি; সহকারী কমিশনার (ভূমি) অফিস, রামগতি, লক্ষ্মীপুর রক্ষিত টেন্ডার বাস্তবে বেলা ১.০০ ঘটিকার মধ্যে দরপত্র জমা প্রদান করতে হবে। ঐ দিন বেলা ০৩.০০ ঘটিকার সময় অত্র কার্যালয়ে দরপত্র দাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। দাখিলকৃত দরপত্রসমূহ উপজেলা হাট-বাজার ইজারা প্রদান কমিটি কর্তৃক যাচাই/বাছাইক্রমে সুপারিশসহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।


প্রথম বারের দরপত্র ধর্তব্য মূল্যের নিম্নে কোন দর/কিংবা নীতিমালা মোতাবেক কাক্ষিত দর না পাওয়া গেলে পরবর্তীক্রমে নিম্ন তফসিলে বর্ণিত দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ধার্য তারিখে দরপত্র ক্রয় এবং গ্রহণের কার্যক্রম অব্যাহত থাকবে।

ক্রঃ নং	হাট বাজারের নাম	১৪২৩ বাংলা সনের জন্য বিগত ৩ বছরের সন্ধ্যা গড় ইজারা মূল্য	দরপত্র সিডিউলের মূল্য	দরপত্র ক্রয়, দাখিলের তারিখ / সময়							
				প্রথম দরপত্র		দ্বিতীয় দরপত্র		তৃতীয় দরপত্র		চতুর্থ দরপত্র	
				ক্রয়ের সর্বশেষ তারিখ	দাখিলের তারিখ ও সময়	ক্রয়ের সর্বশেষ তারিখ	দাখিলের তারিখ ও সময়	ক্রয়ের সর্বশেষ তারিখ	দাখিলের তারিখ ও সময়	ক্রয়ের সর্বশেষ তারিখ	দাখিলের তারিখ ও সময়
				১৭.২.২০১৬	১৮.২.১৬ দুপুর ১.০০ ঘটিকা	২৪.০২.২০১৬	২৫.২.২০১৬ দুপুর ১.০০ ঘটিকা	০২.৩.২০১৬ দুপুর ১.০০ ঘটিকা	০৩.৩.২০১৬ দুপুর ১.০০ ঘটিকা	০৮.৩.২০১৬	০৯.৩.২০১৬ দুপুর ১.০০ ঘটিকা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
০১	আজাদনগর বাজার, চর পোড়াগাছা	১,৮০,৯৫০/-	১০০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
০২	বান্দের হাট বাজার, চর পোড়াগাছা	২১,৭০০/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
০৩	হাজীগঞ্জ বাজার, চর পোড়াগাছা	৫০,৯০০/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
০৪	চর পোড়াগাছা নতুন বাজার, চরপোড়াগাছা	৩,৫৬৭/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
০৫	বাংলা বাজার, আলেকজান্ডার	১,১০,১৯০/-	১০০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
০৬	জনতা বাজার, আলেকজান্ডার	২,৫০,৫০০/-	১২০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
০৭	নতুন আজাদ বাজার,	-----	---	---	---	---	---	---	---	---	---
০৮	চেয়ারম্যান বাজার, চর আবদুল্লাহ	৮,৯৬৭/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
০৯	নতুন কামাল বাজার	-----	---	---	---	---	---	---	---	---	---
১০	তেলীর চর জনতা বাজার চর আবদুল্লাহ	৯,৪৬৭/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১১	রামদয়াল বাজার, চর আলগী	১,৯৭,৩৫০/-	১০০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১২	সুফিরহাট বাজার, চর আলগী	৫৬,৮৩৩/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১৩	বিবির হাট তোহা বাজার, চর রমিজ	১,৫২,১৬৭/-	১০০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১৪	বিবির হাট গো-হাটা, চর রমিজ	২,৮৮,৬৬৭/-	১২০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১৫	চৌধুরী বাজার, চর রমিজ	১,৬৩,৪৪০/-	১০০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১৬	রমগতির হাট, বাড়খেরী	৭,৬৩,০৭২/-	২২০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১৭	কেরামতিয়া বাজার, চর বাদাম	১,৬৩,৬১১/-	১০০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১৮	আজাদ মার্কেট, চরগাজী	৩,১৬৭/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
১৯	আলী আকবর হাট, হাট	৮৫,৮৬৭/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
২০	হারুন বাজার, পোড়াগাছা	৫,১০০/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ
২১	চর পোড়াগাছা ওচ্ছমান বাজার	৪২,০০০/-	৫০০/-	এ	এ	এ	এ	এ	এ	এ	এ

(এস এম সুলতান আলী)
উপজেলা নির্বাহী অফিসার
রামগতি, লক্ষ্মীপুর।

শর্তাবলী :

- ১। বাংলা ১৪২৩ সনের ১লা বৈশাখ হতে ১৪২৩ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।
- ২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার রামগতি এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় হলে দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হইবে।
- ৩। যাহার দরপত্র গৃহীত হইবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জামানাদকৃত অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্ক্ষিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।
- ৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
- ৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১২। ইজারাদার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাছা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(এস এম শিকি কামাল)
উপজেলা নির্বাহী অফিসার
রামগতি, লক্ষ্মীপুর।

তারিখ : ০২ ফেব্রুয়ারি/২০১৬ খ্রিঃ

স্মারক নং - ০০.৫২২.০৩২.০০.০০.০০২.২০১৫- ১০৪
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। মাননীয়, সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ (রামগতি-কমলনগর)
- ২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৩। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) লক্ষ্মীপুর।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর (জ্ঞাতার্থে ও কার্যার্থে)।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), রামগতি, লক্ষ্মীপুর (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। উপজেলা..... কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর (তাকে অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি. ৪, ৮র আলেকজান্ডার শাখা, রামগতি, লক্ষ্মীপুর।
- ৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..... কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, রামগতি, লক্ষ্মীপুর।
- ১০। কমান্ডার, রামগতি উপজেলা কমান্ড, রামগতি, লক্ষ্মীপুর।
- ১১। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, (মাইক ও টোল সহরত এর মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... রামগতি, লক্ষ্মীপুর (তাকে ১৪২১ বাংলা সনের ইজারার মেয়াদ শেষে বাংলা ১৪২২ সালের পূর্ববর্তী ইজারাদারকে দখল সুবিধে না দেয়া পর্যন্ত হাট-বাজারের খাস আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে বলা হলো)।
- ১৩। সভাপতি/সম্পাদক..... হাট-বাজার ব্যবসায়ী সমিতি, রামগতি, লক্ষ্মীপুর।
- ১৪। ১৪১৯/১৪২০/১৪২১ বাংলা সনের ইজারাদার..... হাট-বাজার, রামগতি, লক্ষ্মীপুর
- ১৫। সম্পাদক, দৈনিক.....। (তাকে সল্প পরিসরে বিজ্ঞপ্তির প্রথম পৃষ্ঠা ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় সাধারণ হরফে

খ্রিঃ তারিখের মধ্যে প্রকাশ করে ০২(দুই) কপি পত্রিকা এ কার্যালয়ে দাখিল করতে অনুরোধ করা হলো।


(এস এম শিকি কামাল)
উপজেলা নির্বাহী অফিসার
রামগতি, লক্ষ্মীপুর